# তানোরে শিক্ষকদের নিয়ে এমপির

▶▶ প্রথম পৃষ্ঠার পর

বেশি দায়িত্বশীল হবেন। আমাদের সহযোগিতা করবেন। কারণ বিষয়টি সরকারের ভাবমূর্তির সঙ্গে জড়িত। তাই যিনি সরকারপ্রধান আছেন, তাঁকেও বলব বিষয়টি দেখার জন্য।'

এদিকে রবিবার রাত ও গতকাল জামালপুরের সরিষাবাড়ী, কুষ্টিয়ার মিরপুর, কুমিল্লার চৌদ্দগ্রাম, ভোলার দৌলতখান, নরসিংদীর মাধবদী এবং লক্ষ্মীপুরের রামগতি পৌরসভায় হামলা ও সংঘর্ষের ঘটনা ঘটেছে। ঢাকার সাভারে হামলা হয়েছে বিএনপির মেয়র পদপ্রার্থীর বাড়িতে। এসব ঘটনায় আহত হয়েছে ৪৩ জন। কুমিল্লার চৌদ্দগ্রামে আওয়ামী লীগের প্রার্থী ও দলের 'বিদ্রোহী' প্রার্থীর কর্মীদের সংঘর্ষে দুজন গুলিবিদ্ধ হয়েছে। এ ছাড়া ১১টি পৌরসভায় আচরণবিধি লঙ্ঘনের অভিযোগে পাওয়া গেছে। এ কারণে সাতটি পৌরসভায় ৪৭ জন মেয়র, কাউন্সিলর ও কর্মী-সমর্থককে জরিমানা করা হয়েছে।

আমাদের নিজস্ব প্রতিবেদক ও প্রতিনিধিদের পাঠানো খবর :

**সংসদ সদস্যের নির্বাচনী সভা :** তানোর ও মুণ্ডুমালা পৌর এলাকার মাঝামাঝি কৃষ্ণপুর বিলের মধ্যে অবস্থিত কৃষ্ণপুর মহিলা ডিগ্রি কলেজ মাঠে অনুষ্ঠিত ওই নির্বাচনী সভায় উপস্থিত ছিলেন উপজেলার সব বিদ্যালয় ও কলেজের শিক্ষক-কর্মচারীরা। কয়েক শ মোটরসাইকেলে করে শিক্ষকরা সকাল ১০টা থেকেই সংসদ সদস্যের নির্দেশে ওই নির্বাচনী সভায় উপস্থিত হতে থাকেন। পরে সকাল সাড়ে ১১টার দিকে সভা শুরু হয়।

সভায় উপস্থিত একাধিক শিক্ষক কালের কণ্ঠকে জানান, তানোর বা মুণ্ডুমালা পৌর এলাকায় এ সভা করা হলে সেটি সরাসরি নির্বাচনী আচরণবিধি লঙ্ঘনের মধ্যে পড়বে বলে সংসদ সদস্য এখানেই মতবিনিময়ের নামে শিক্ষকদের নিয়ে নির্বাচনী সভাটি করেন। এ কারণে উপজেলার সব শিক্ষাপ্রতিষ্ঠানও গতকাল বন্ধ ঘোষণা করা হয়।

জানতে চাইলে তানোর উপজেলা নির্বাহী কর্মকর্তা ও রিটার্নিং অফিসার মনিরুজ্জামান ভূঞা কালের কণ্ঠকে বলেন, 'বিষয়টি আমার জানা নেই। কেউ আমার কাছে এ নিয়ে অভিযোগও করেনি। তবে এটা যদি হয়ে থাকে, তাহলে অবশ্যই সেটি নির্বাচনী আচরণবিধি লঙ্ঘনের শামিল। এর জন্য আয়োজকদের শোকজ করা হবে।' অনুষ্ঠানের প্রধান অতিথি এমপিকে শোকজ করা হবে নাকি অন্যদের শোকজ করা হবে—এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, 'আইনে যা আছে, সেটিই করা হবে।'

ওই সভায় সংসদ সদস্য ওমর ফারুক চৌধুরী বলেছেন, 'আমি চাই, তানোর ও মুণ্ডুমালার সব শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারী আপনারা নৌকার পক্ষে নিজ নিজ এলাকায় কথা বলবেন যে নৌকার বিজয় মানে উন্নয়ন, নৌকার বিজয় মানে তোমার ভালো, আমার ভালো। যদি এটা না বলেন, আমার কোনো সমস্যা নেই; কিন্তু আপনাদের সমস্যা আছে।'

প্রায় ৪৫ মিনিটের বক্তব্যে সংসদ সদস্য তানোর ও গোদাগাড়ী উপজেলার চারটি পৌরসভা নির্বাচনে আওয়ামী লীগদলীয় মনোনীত প্রার্থীদের হয়ে কাজ করার জন্য শিক্ষকদের কখনো সরাসরি, কখনো নানা কথার মধ্য দিয়ে আহ্বান জানান। বক্তব্যের এক জায়গায় ওমর ফারুক চৌধুরী বলেন, 'তানোর-গোদাগাড়ীর চারটি পৌরসভা নির্বাচনে দুটি উপজেলার সব প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারী আপনাদের যাঁর যতটুকু ক্ষমতা আছে, সেটি দিয়ে নৌকার পক্ষে কাজ করবেন।' শিক্ষকদের উদ্দেশে ওমর ফারুক বলেন, 'ভুল করবেন আপনারা, আর বলবেন, আওয়ামী লীগ উন্নয়ন করল না, এটা হবে না। তাই আমি অনুরোধ করছি, উন্নয়নের স্বার্থে আমার হাতটাকে একটু শক্তিশালী করে দেন আপনারা। তানোরে সাতটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও দুটি পৌরসভার মেয়র যদি হয়, তাহলে আমার ৯টি হাত হবে। তাহলে আমি কাজ করতে পারব বেশি। তাই আপনারা শিক্ষকরা আমাকে কাজ করার সুযোগ দেন। কেন আপনারা পারবেন না।'

গতকাল দুপুরে সরেজমিনে গিয়ে দেখা যায়, তানোরের কৃষ্ণপুর মহিলা ডিগ্রি কলেজের শহীদ মিনার চত্বরে মঞ্চ করে এবং মাঠে চেয়ার পেতে শিক্ষকদের নিয়ে নির্বাচনী সভা করছিলেন সংসদ সদস্য ওমর ফারুক। মুণ্ডুমালা কামিল মাদ্রাসার অধ্যক্ষ আমির আলীর সভাপতিত্বে অনুষ্ঠিত ওই সভায় উপস্থিত ছিলেন কৃষ্ণপুর মহিলা ডিগ্রি কলেজের অধ্যক্ষ আতাউর রহমান, মুণ্ডুমালা ডিগ্রি কলেজের অধ্যক্ষ জয়নাল আবেদীন, তানোর ডিগ্রি কলেজের অধ্যক্ষ হাবিবুর রহমান, তালন্দ ডিগ্রি কলেজের অধ্যক্ষ বিষ্ণুপদ, তানোর প্রাথমিক শিক্ষা কর্মকর্তা বদিউজ্জামান প্রমুখ।

তানোরের তালন্দ এলাকার একটি স্কুলের প্রধান শিক্ষক কালের কণ্ঠকে জানান, গত রবিবার তানোরের একজন আওয়ামী লীগ নেতা তাঁকে ফোন করে আজ (সোমবার) সকালে কৃষ্ণপুর মহিলা কলেজে শিক্ষকদের নিয়ে সংসদ সদস্যের মতবিনিময় সভায় যোগ দিতে বলেন।

আরেকজন শিক্ষক বলেন, মতবিনিময়ের নাম করে এখানে ডেকে এনে শিক্ষা নিয়ে কোনো কথা সংসদ সদস্য বলেননি। শুধু সরকারের নানা উন্নয়নের কথা বলা শেষে নৌকার পক্ষে কাজ করার জন্য শিক্ষক-কর্মচারীদের নির্দেশ দেন। আর যাঁরা কাজ করবেন না, তাঁদের সমস্যা হবে বলেও পরোক্ষভাবে তিনি হুমকি দিয়ে রাখেন।

নাম প্রকাশে অনিচ্ছুক তানোর কলেজের একজন শিক্ষক বলেন, 'শিক্ষকদের ডেকে নিয়ে এসে একজন এমপি কিভাবে রাজনৈতিক দলের প্রার্থীর হয়ে কাজ করার নির্দেশ দিতে পারেন। দেশে কি আইন বলে কিছুই নাই!'

এ বিষয়ে কথা বলার জন্য সংসদ সদস্য ওমর ফারুক চৌধুরীর সঙ্গে মোবাইল ফোনে যোগাযোগের চেষ্টা করা হয়। কিন্তু তিনি বারবার ফোনের সংযোগ কেটে দেন।

মুণ্ডুমালা পৌরসভায় বিএনপির প্রার্থী ফিরোজ কবির সরকার কালের কণ্ঠকে বলেন, 'এটি অবশ্যই নির্বাচনী আচরণবিধি লঙ্ঘন। আজ মঙ্গলবার উপজেলা রিটার্নিং অফিসারের কাছে অভিযোগ করব।'

**আচরণবিধি লঙ্ঘন, জরিমানা :** নির্বাচনী আচরণবিধি লঙ্ঘনের অভিযোগে মৌলভীবাজারের কুলাউড়া, ঝালকাঠির নলছিটি, গাইবান্ধার গোবিন্দগঞ্জ, মেহেরপুরের গাংনী, সাতক্ষীরা, নাটোরের গোপালপুর ও ঝিনাইদহের হরিণাকুণ্ডু পৌরসভায় ৪৭ মেয়র ও কাউন্সিলর প্রার্থী এবং তাঁদের সমর্থক-কর্মীকে জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত। কুমিল্লার লাকসামে এক কাউন্সিলর প্রার্থী ভোটারদের মাঝে প্রকাশ্যে টাকা বিতরণ করছেন বলে অভিযোগ পাওয়া গেছে। গোবিন্দগঞ্জে আওয়ামী লীগের মেয়র প্রার্থী কারণ দর্শানো নোটিশের জবাব দিয়েছেন। হরিণাকুণ্ডু ও লালমনিরহাট পৌরসভায় আওয়ামী লীগ ও বিএনপির মেয়র প্রার্থীরা একে অপরের বিরুদ্ধে নির্বাচনী আচরণবিধি লঙ্ঘনের অভিযোগ করেছেন।

নাটোরের লালপুর উপজেলার গোপালপুরে আওয়ামী লীগের মেয়র প্রার্থী রোখসানা মোর্তজা লিলির সমর্থক যুবলীগ নেতা জাহারুল ইসলাম রবিবার গোপালপুর বাজারে পল্টন নামের বিএনপির এক কর্মীকে মারধর করেন। এই ঘটনায় গতকাল দুপুরে লালপুর থানা পুলিশ জাহারুলকে আটক করে। পরে নির্বাহী ম্যাজিস্ট্রেট ও ভ্রাম্যমাণ আদালতের বিচারক শফিকুর আলম অভিযুক্ত জাহারুলকে ৫০ হাজার টাকা জরিমানা অনাদায়ে তিন মাসের কারাদণ্ড দেন। এ ঘটনায় আওয়ামী লীগ মনোনীত মেয়র প্রার্থী রোখসানা মোর্তজা লিলির সমর্থকরা দলীয় কার্যালয় ও দুটি মোটরসাইকেল ভাঙচুর করে। লালপুর থানার ওসি আব্দুল হাই ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।

এ ছাড়া গতকাল নাটোর পৌরসভায় বিএনপির মেয়র প্রার্থী শেখ এমদাদুল হক আল মামুন সংবাদ সম্মেলন করে আওয়ামী লীগের প্রার্থী উমা চৌধুরী জলির বিরুদ্ধে হুমকি-ধমকির অভিযোগ করেছেন। বাগেরহাট পৌরসভা নির্বাচনে আওয়ামী লীগের মেয়র প্রার্থী ও বর্তমান মেয়র খান হাবিবুর রহমানের সমর্থকরা ভোটারদের মারপিট, হামলা, ভাঙচুর ও হুমকি দিচ্ছেন বলে অভিযোগ করেছেন স্বতন্ত্র মেয়র প্রার্থী ও বাগেরহাট সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি মীনা হাসিবুল হাসান শিপন। খুলনা প্রেসক্লাবের ভিআইপি মিলনায়তনে আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি দাবি করেন, এ বিষয়ে নির্বাচন কমিশন, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর কাছে অভিযোগ দিলেও তারা কোনো পদক্ষেপ নেয়নি।

**সাভারে বিএনপি প্রার্থীর বাড়িতে হামলা :** সাভারে বিএনপি প্রার্থী মোহাম্মদ বদিউজ্জামান বদির বাড়িতে হামলা চালানো হয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে। গতকাল বিকেলে এ হামলা চালানো হয়। হামলায় তাঁর ছয়-সাতজন নেতাকর্মী আহত হয়েছেন বলে জানিয়েছেন এই মেয়র পদপ্রার্থী।

দলীয় নেতাকর্মীরা জানান, বিকেল সাড়ে ৪টার দিকে ব্যাংক কলোনি এলাকায় নিজের বাসায় বদিউজ্জামান দলীয় নেতাকর্মীদের সঙ্গে মতবিনিময় করছিলেন। এ সময় একদল দুর্বৃত্ত তাঁদের ওপর হামলা চালায়। হামলাকারীরা ইট-পাটকেল নিক্ষেপ ও কয়েক রাউন্ড ফাঁকা গুলি ছুড়ে আতঙ্ক সৃষ্টি করে এবং চেয়ার-টেবিল, বাড়িঘর ও কয়েকটি মোটরসাইকেল ভাঙচুর করে পালিয়ে যায়।

বিএনপি প্রার্থী মোহাম্মদ বদিউজ্জামান বদির কালের কণ্ঠকে বলেন, আওয়ামী লীগের প্রার্থী আব্দুল গণির বড় ছেলে ফারুক হাসান তুহিনের নেতৃত্বে একদল সন্ত্রাসী বিকেলে তাঁর বাড়িতে হামলা চালায়। এ ঘটনায় রিটার্নিং অফিসারের কাছে অভিযোগ করবেন বলে জানান তিনি। তবে অভিযোগ অস্বীকার করে সরকারি দলের প্রার্থী আবদুল গণি বলেন, তিনি যতটুকু শুনেছেন সেটা হলো, ব্যাংক কলোনি এলাকায় প্রচার চালানোর সময় তাঁর কর্মী-সমর্থকদের ওপর বিএনপি প্রার্থীর লোকজনই হামলা চালিয়েছে।

সাভার মডেল থানার ওসি এস এম কামরুজ্জামান বলেন, লিখিত অভিযোগ পেলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। সংঘর্ষ এড়াতে ওই এলাকায় অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।

**আওয়ামী লীগের দুই প্রার্থীর কর্মীদের মধ্যে সংঘর্ষ :** কুমিল্লার চৌদ্দগ্রাম পৌরসভায় আওয়ামী লীগ মনোনীত প্রার্থী ও বর্তমান মেয়র মিজানুর রহমান মিজান এবং একই দলের 'বিদ্রোহী' প্রার্থী উপজেলা যুবলীগের সদস্য ইমাম হোসেন পাটোয়ারী ওরফে এনাম পাটোয়ারীর কর্মী-সমর্থকদের মধ্যে কয়েক দফা সংঘর্ষ, গুলিবিনিময় ও অগ্নিসংযোগের ঘটনা ঘটেছে। এতে দুজন গুলিবিদ্ধসহ উভয় পক্ষের অন্তত ২০ জন আহত হয়েছেন। চৌদ্দগ্রাম বাজার এলাকায় গতকাল বিকেল সাড়ে ৪টা থেকে শুরু হওয়া এ সংঘর্ষ থেমে থেমে চলে সন্ধ্যা ৭টা পর্যন্ত। এই কারণে প্রায় দুই ঘণ্টা ঢাকা-চট্টগ্রাম মহাসড়কে যানবাহন চলাচল বন্ধ ছিল। এ সময় উভয় পক্ষের মধ্যে ৪০ থেকে ৫০ রাউন্ড গুলিবিনিময় হয় বলে জানা গেছে। এ ছাড়া ঘটনাস্থলে অর্ধশতাধিক ককটেল বিস্ফোরণের ঘটনাও ঘটে। সংঘর্ষকারীদের দেওয়া আগুনে অন্তত ২০টি দোকান, একটি মাইক্রোবাস ও সাত-আটটি মোটরসাইকেল পুড়ে যায়।

আহতদের মধ্যে খালেদ হোসেন নামের এনাম পাটোয়ারীর এক কর্মী ও আবদুল হান্নান নামের এক পথচারী গুলিবিদ্ধ হন। সংঘর্ষের জন্য দুই প্রার্থীই একে অন্যকে দায়ী করেছেন।

চৌদ্দগ্রাম থানার ওসি মো. ফরহাদ হোসেন কালের কণ্ঠকে বলেন, এ ঘটনায় কাউকে আটক করা যায়নি বলেও জানান তিনি।

**বিএনপি প্রার্থীর প্রচারে দলের একাংশের হামলা :** কুষ্টিয়ার মিরপুরে রবিবার রাত ৮টার দিকে বিএনপির প্রার্থী আজিজ খানের পক্ষে প্রচার চালানোর সময় জাতীয়তাবাদী আইনজীবী ফোরামের দপ্তর সম্পাদক ব্যারিস্টার রাগীব রউফ চৌধুরীসহ নেতাকর্মীদের ওপর হামলা হয়েছে। একই দলের সাবেক সংসদ সদস্য শহিদুল ইসলামের অনুসারীরা এই হামলা করেছে বলে অভিযোগ পাওয়া গেছে। এতে ছয়জন আহত হয়েছেন।

মিরপুর থানার ওসি কাজী জালাল উদ্দিন বলেন, বিএনপির সাবেক সংসদ সদস্য শহিদুল ইসলামের অনুসারী উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক রহমত আলী রব্বানের লোকজন এ হামলা চালিয়েছে। এ ঘটনায় জড়িত সন্দেহে তিনজনকে আটক করা হয়েছে।

**আরো হামলা, সংঘর্ষ :** রবিবার রাত ১১টার দিকে ভোলার দৌলতখান শহরের দক্ষিণ মাথা এলাকায় বিএনপির মেয়র পদপ্রার্থী দলের উপজেলা শাখার সহসভাপতি আনোয়ার হোসেনের কর্মীদের ওপর হামলা চালিয়েছে প্রতিপক্ষ প্রার্থী আওয়ামী লীগের জাকির হোসেন তালুকদারের লোকজন। হামলায় বিএনপির দুই নেতা আহত হয়েছেন। তাঁরা হলেন উপজেলা বিএনপির ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক শাজাহান সাজু ও দপ্তর সম্পাদক খন্দকার জসিমউদ্দিন।

তবে আওয়ামী লীগের প্রার্থী জাকির হোসেন দাবি করেছেন, তিনি এই বিষয়ে কিছুই জানেন না।

বিএনপির প্রার্থী আনোয়ার হোসেন বলেন, তাঁর কর্মীদের ওপর হামলার ঘটনায় তিনি গতকাল সোমবার রিটার্নিং অফিসারের কাছে একটি লিখিত অভিযোগ দায়ের করেছেন।

গতকাল বিকেলে অভিযোগের বিষয়ে জানতে রিটার্নিং অফিসার ও দৌলতখান উপজেলা নির্বাহী কর্মকর্তা মুস্তাফিজুর রহমানের সঙ্গে যোগাযোগের চেষ্টা করেও তাঁর বক্তব্য পাওয়া যায়নি।

নরসিংদীর মাধবদীতে বিএনপির মেয়র পদপ্রার্থী মো. ইলিয়াছের বিরুদ্ধে আওয়ামী লীগের প্রার্থী মোশাররফ হোসেন প্রধান মানিকের উঠান বৈঠকে বোমা হামলার অভিযোগ পাওয়া গেছে। গতকাল দুপুরে মাধবদী বাজারের সোনালী টাওয়ারে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এই অভিযোগ করেন আওয়ামী লীগের মেয়র পদপ্রার্থী। তিনি দাবি করেন, রবিবার রাতে নির্বাচনী প্রচারের অংশ হিসেবে পৌর এলাকার বিরামপুর মাঠে তাঁর উঠান বৈঠকে বিএনপি প্রার্থীর লোকজন পরপর তিনটি ককটেল নিক্ষেপ করে। কিন্তু ককটেলগুলো বিস্ফোরিত না হওয়ায় কোনো হতাহতের ঘটনা ঘটেনি।

এ ব্যাপারে জানতে চাইলে বিএনপির প্রার্থী ইলিয়াছ বলেন, 'এ ধরনের ঘটনা ঘটিয়ে আমাকে অভিযুক্ত করা উদ্দেশ্যপ্রণোদিত।' পলাশ থানার পরিদর্শক (তদন্ত) আবু তাহের দেওয়ান বলেন, ঘটনার পর পুলিশ ঘটনাস্থল থেকে তিনটি ককটেলসদৃশ বস্তু উদ্ধার করে। এর মধ্যে দুটি ককটেল ছিল।

রবিবার রাতে লক্ষ্মীপুরের রামগতি পৌরসভার কিল্লারপাড়া এলাকায় ১ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর পদপ্রার্থী আওয়ামী লীগ সমর্থক প্রদীপ মজুমদারকে পিটিয়ে আহত করা হয়েছে। তাঁকে রামগতি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স থেকে গতকাল দুপুরে লক্ষ্মীপুর সদর হাসপাতালে স্থানান্তর করা হয়েছে। হামলার জন্য প্রতিদ্বন্দ্বী প্রার্থী জয়নাল আবদীনের সমর্থকদের দায়ী করেছেন তিনি। জয়নাল আবেদীনও আওয়ামী লীগের সমর্থক। তিনি অভিযোগ অস্বীকার করেছেন।

জামালপুরের সরিষাবাড়ীতে ভোটারদের মাঝে টাকা বিতরণের ঘটনায় গতকাল সকালে বিএনপি প্রার্থীর কর্মীদের সঙ্গে স্বতন্ত্র প্রার্থীর কর্মীদের সংঘর্ষে অন্তত সাতজন আহত হয়েছেন। স্বতন্ত্র মেয়র পদপ্রার্থী রুহুল আমিন সেলিম তাঁর আরামনগর বাজারের নির্বাচনী ক্যাম্প থেকে ভোটারদের মাঝে টাকা বিতরণ করছিলেন বলে অভিযোগ তুলে বিএনপির প্রার্থী এ কে এম ফয়েজুল কবির তালুকদার শাহীনের সমর্থকরা বাধা দেন। এ নিয়ে বাগবিতণ্ডার একপর্যায়ে দুই পক্ষের কর্মীদের মধ্যে সংঘর্ষ বেধে যায়।

অভিযোগের বিষয়ে স্বতন্ত্র প্রার্থী রুহুল আমিন সেলিম দাবি করেন, নির্বাচনী খরচের জন্য তিনি কর্মীদের টাকা দিচ্ছিলেন। এ সময় বিএনপি প্রার্থীর কর্মীরা অতর্কিতে হামলা চালায়।

সরিষাবাড়ী থানার ওসি বিল্লাল উদ্দিন জানান, পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে এনেছে। আইনশৃঙ্খলা পরিস্থিতি এখন স্বাভাবিক রয়েছে।

**সুজানগরে বিএনপি প্রার্থীর গণসংযোগে হামলা :** গতকাল সন্ধ্যা ৭টার দিকে পাবনার সুজানগর পৌরসভার ডাকবাংলো এলাকায় বিএনপিদলীয় মেয়র প্রার্থী আজম আলী বিশ্বাসের নির্বাচনী গণসংযোগে দুর্বৃত্তদের হামলায় কমপক্ষে ১০ জন আহত হয়েছে। হামলার জন্য আজম আলী বিশ্বাস আওয়ামী লীগের প্রার্থী আব্দুল ওহাবের সমর্থকদের দায়ী করেছেন। তবে আব্দুল ওহাব তা অস্বীকার করেছেন।

রাত ৯টায় এ প্রতিবেদন লেখার সময় এলাকায় থমথমে পরিস্থিতি বিরাজ করছিল।

সুজানগর ওসি শাকিল আহমেদ কালের কণ্ঠকে জানান, লোকমুখে আজম আলী বিশ্বাস ও আব্দুল ওহাবের সমর্থকদের মধ্যে ধাওয়া-পাল্টাধাওয়ার ঘটনা ঘটেছে বলে শুনে পুলিশ ঘটনাস্থলে যায়।

**চান্দিনায় কেন্দ্রীয় বিএনপি নেতাদের সভাস্থলের পাশে বোমা বিস্ফোরণ**

কুমিল্লা দক্ষিণ প্রতিনিধি জানান, কুমিল্লার চান্দিনা পৌরসভা নির্বাচনে বিএনপি মনোনীত প্রার্থী শাহ মোহাম্মদ আলমগীর খানের পক্ষে কেন্দ্রীয় বিএনপি নেতাদের সভা চলাকালে সভাস্থলের পাশে ককটেল বিস্ফোরণের ঘটনা ঘটেছে। গতকাল সোমবার দুপুরে চান্দিনা উপজেলায় অবস্থিত কুমিল্লা উত্তর জেলা বিএনপির কার্যালয়ের পাশে এ ঘটনা ঘটে।

কুমিল্লা উত্তর জেলা বিএনপির সভাপতি খোরশেদ আলম জানান, বিএনপির প্রার্থী শাহ মোহাম্মদ আলমগীর খানের গণসংযোগে অংশ নিতে দলের কেন্দ্রীয় বিএনপির সহ-সভাপতি আব্দুল্লাহ আল নোমান এবং জয়নাল আবেদীন ফারুক চান্দিনায় কুমিল্লা উত্তর জেলা বিএনপির কার্যালয়ে এসে নেতাকর্মীদের সঙ্গে মতবিনিময় করেন। সভার কার্যক্রম শুরু করা মাত্রই কার্যালয়ের পাশে একদল দুর্বৃত্ত ৩/৪টি ককটেলের বিস্ফোরণ ঘটায়। বিস্ফোরণের বিকট আওয়াজে আশপাশের এলাকায় আতঙ্ক ছড়িয়ে পড়ে।

ককটেল বিস্ফোরণ বিষয়ে জানতে চাইলে চান্দিনা থানার পুলিশ পরিদর্শক (তদন্ত) সালাহউদ্দিন বলেন, 'একটি বিকট আওয়াজ শুনে আমরা ঘটনাস্থলে ছুটে যাই। তবে সেখানে গিয়ে ককটেল বিস্ফোরণের কোনো আলামত পাইনি।'